

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৩৭৬২

আগরতলা, ০৬ মার্চ, ২০ ১৮।

গোমতী জেলার বিভিন্ন এলাকায় ১৪৪ ধারা

জনজীবনে শাস্তি ও সুস্থিতি বজায় রাখার লক্ষ্যে গোমতী জেলার জেলা শাসক গোমতী জেলার বিভিন্ন এলাকায় ভারতীয় ফৌজদারী দণ্ডবিধির অনুযায়ী ১৪৪ ধারা জারী করেছেন। এই আদেশ ৬ মার্চ রাত ৯টা থেকে ৮ মার্চ সকাল ৫টা পর্যন্ত বলবৎ থাকবে। এই আদেশ অমান্যকারীদের বিরুদ্ধে আইপি সি'র ১৮৮ ধারা অনুযায়ী শাস্তিমূলক ব্যবস্থা নেয়া হবে।

যে সমস্ত এলাকায় ১৪৪ ধারা জারী করা হয়েছে সেগুলি হচ্ছে- ১) উদয়পুর মহকুমার অন্তর্গত আর কে পুর থানাধীন মাতাবাড়ী, চন্দ্রপুর, কলুয়াটেপা এবং বনদোয়ার, গোকুলপুর, কড়ইয়ামুড়া, বারভাইয়া, পিত্রা বাজার এবং মহারানী বাজার এলাকা এবং উদয়পুর পুর এলাকা।

২) উদয়পুর মহকুমার কাকড়াবন থানার অধীন তুলামুড়া, সামুকছড়া, মির্জা, ইচাছড়া, দুচিখোলা, কিশোরগঞ্জ, দুপতলি, রানী, উপেন্দ্রনগর, কুসামারা, কাকড়াবন, গর্জনমুড়া এবং জামজুরী এলাকা।

৩) উদয়পুর মহকুমার কিণ্ণা থানার অধীন আঠারভোলা, মৈথলং এবং কুপিলং এলাকা।

৪) অমরপুর মহকুমার অন্তর্গত বীরগঞ্জ থানার অধীন লালগিরি, বামপুর, রাঙ্গামাটি, মেলাক, থাকছড়া, রাঁকাঁ, ডালাক, মালবাসা ও সরবৎ এলাকা এবং অমরপুর নগর পঞ্চায়েত এলাকা।

৫) অমরপুর মহকুমার অন্তর্গত নতুনবাজার থানাধীন যতনবাড়ী তেমাথা থেকে মোটরষ্ট্যান্ড এলাকা, চেলাগাঁ, সমতলপাড়া থেকে চেলাগাঁ বাজার এলাকা, নতুনবাজার মার্কেট, অরবিন্দ কলোনী, সুকান্ত কলোনী এবং আশ্রম চৌমুহনী এলাকা।

৬) অমরপুর মহকুমার অন্তর্গত অস্পি থানাধীন অস্পি বাজার থেকে চেচুয়া এলাকা পর্যন্ত।

গোমতী জেলার জেলা শাসক সর্বসাধারণের অবগতির জন্য এক বিজ্ঞপ্তিতে এই সংবাদ জানিয়েছেন।
